

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৬১) হজের মাসসমূহ আসার পূর্বে হজের ইহরাম বাঁধার বিধান কী?

উত্তর: হজের মাসসমূহ আসার পূর্বে হজের ইহরাম বাঁধার ব্যাপারে বিদ্বানগণ মতভেদ করেছেন।
কেউ বলেন, এটা বিশুদ্ধ হবে এবং হজের ইহরাম হিসেবে গণ্য হবে। তবে হজের মাস আগমন করার পূর্বে হজের ইহরাম বাঁধা মাকরাহ।

দ্বিতীয় মত: তার এ ইহরাম হজের ইহরাম হিসেবে গণ্য হবে না। তবে তা উমরা হয়ে যাবে। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«دَخَلَتِ الْعُمْرَةُ فِي الْحَجِّ»

"উমরা হজের মধ্যে শামিল হয়ে গেছে।"[1] তাছাড়া নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমরাকে ছোট হজ হিসেবে আখ্যা দিয়েছেন। যেমন, আমর ইবন হাযমের বিখ্যাত মুরসাল হাদীসে উল্লেখ হয়েছে, যা লোকেরা সাধারণভাবে গ্রহণ করেছে।[2]

ফুটনোট

- [1] সহীহ মুসলিম, অধ্যায়: হজ, অনুচ্ছেদ: হজের মাসসমূহে উমরা করা জায়েয।
- [2] দারাকুতনী ২/২৮৫ হাদীস নং ১২২।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1135

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন